# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 14-08-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গত ৭৮ বছর ধরে দেশের অগ্রগতির উল্লেখ করে বলেছেন, ভারত সর্বক্ষেত্রে স্বনির্ভর হওয়ার পথে দৃঢ় প্রত্যয়ে এগিয়ে চলেছে।

২) ৭৯ তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি জাতির উদ্দেশে ভাষণে দারিদ্র মুক্তি ও কল্যাণমূলক প্রকল্পের উল্লেখ করে বলেছেন, গতিশীল ডিজিটাল অর্থনীতির মাধ্যমে দেশের জিডিপি প্রতি বছর বাড়ছে।

৩) কৃত্রিম বুদ্ধিমত্তা ক্ষেত্রে দেশবাসীর চাহিদা পূরণ করতে **'ভারত এআই মিশন'** চালু হয়েছে বলে শ্রীমতি মুর্মু জানিয়েছেন। এসসি এসটি এবং পিছিয়ে পড়া মানুষের আশা আকাঙ্খা পূরণে সরকার তাদের সক্রিয়ভাবে সাহায্য করছে বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেছেন।

৪) সারা দেশের সঙ্গে এরাজ্যেও আগামীকাল ৭৯ তম স্বাধীনতা দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত হবে। আজ দেশভাগের বিভীষিকা স্মরণ দিবস।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২ শে আগস্ট কলকাতায় বেশ কয়েকটি মেট্রো রেলের নতুন রুটের উদ্বোধন করতে পারেন।

৬) বাংলাভাষী পরিযায়ী মুসলিম শ্রমিকদের বিভিন্ন রাজ্যে বাংলাদেশী সন্দেহে আটক করার ঘটনায় সুপ্রিম কোর্ট, কেন্দ্র ও পশ্চিমবঙ্গ সহ ৯ টি রাজ্যকে নোটিশ দিয়েছে।

৬) রাজ্য সরকার এখনো পর্যন্ত ৯৩ লক্ষের বেশি ছাত্রীকে কন্যাশ্রী প্রকল্পের আওতায় এনেছে।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, জাতি, ধর্ম, বর্ণ ও লিঙ্গ নির্বিশেষে নাগরিকদের ভোটাধিকার বিশ্বের অন্য বহু দেশ থেকে ভারতকে স্বতন্ত্র করে রেখেছে। এর মাধ্যমেই ভারতবাসীর হাতে দেশের ভবিষ্যত্ নির্ধারণের ক্ষমতা দেওয়া হয়েছে। ৭৯ তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, ঔপনিবেশিক শাসনে প্রজন্মের পর প্রজন্ম ধরে ভারতবাসী এই দিনটির জন্য অপেক্ষা করেছিল। বহু চ্যালেঞ্জ সত্ত্বেও ভারত সফলভাবে গণতন্ত্রে উত্তরণ ঘটিয়েছে, তার কারণ হিসাবে রাষ্ট্রপতি দেশের প্রাচীন গণতন্ত্রের মূল্যবোধ এবং ভারত যে বিশ্বের অন্যতম প্রাচীন সাধারণতন্ত্র, তারও উল্লেখ করেন।

শ্রীমতি মুর্মু বলেন, সংবিধান গ্রহণ করে দেশ একাধিক গণতান্ত্রিক প্রতিষ্ঠান গড়ে তুলেছে, যা আমাদের গণতান্ত্রিক রীতিনীতিকে আরও শক্তিশালী করেছে। স্বাধীনতার পাশাপাশি দেশ ভাগের বেদনার উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস পালনের মধ্য দিয়ে সেই হিংসা এবং লক্ষ লক্ষ মানুষের উদ্বাস্তু হওয়ার বিষয়টি আমরা স্মরণ করেছি। সংবিধানে উল্লিখিত গণতন্ত্রের চার স্তম্ভ - ন্যায়, স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্বের কথা স্মরণ করে রাষ্ট্রপতি বলেন, স্বাধীনতা সংগ্রামের সময় সভ্যতার এই মূল্যবোধ পুনরাবিষ্কার করা হয়। সব মানুষ যে সমান এবং তাদের সঙ্গে মর্যাদাপূর্ণ ব্যবহার করা উচিত, স্বাস্থ্য, শিক্ষা সমান সুযোগ সকলের পাওয়া উচিত, এটাই মানবিকতকার মূল ভিত্তি বলে শ্রীমতি মুর্মু উল্লেখ করেন।

স্বাধীনতা লাভের পর গত ৭৮ বছরে সব ক্ষেত্রে অসাধারণ অগ্রগতির উল্লেখ করে শ্রীমতি মুর্মু বলেন যে, ভারত সবদিক দিয়ে স্বনির্ভর হওয়ার পথে দৃঢ় প্রত্যয়ের সঙ্গে এগিয়ে চলেছে।

## বাইট সেলফ রিলায়েন্স

সুশাসনের ফলে বহু মানুষের দারিদ্র মুক্তি ঘটেছে এবং বহু কল্যাণমূলক প্রকল্পের মাধ্যমেই তা সম্ভব হয়েছে বলে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, দারিদ্র সীমার উর্ধ্বে ওঠা লোকেরা যাতে আবার তার নীচে নেমে না যায়, তা আমাদের লক্ষ্য রাখতে হবে।

সামাজিক ক্ষেত্রে ব্যয় বৃদ্ধির মাধ্যমে আঞ্চলিক বৈষম্য দূর হচ্ছে এবং আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া অঞ্চল ও রাজ্যগুলিও তাদের সম্ভাবনাকে কাজে লাগিয়ে এগিয়ে চলেছে বলে রাষ্ট্রপতি উল্লেখ করেন।

গত এক দশকে দেশের বহু শহরে মেট্রো রেল পরিষেবা বৃদ্ধি পেয়েছে। অম্রুত প্রকল্পে আরও বেশি সংখ্যক বাড়িতে নিশ্চিত জল সরবরাহ ও পয়ঃপ্রণালী নিষ্কাশনের ব্যবস্থা করা হয়েছে। গ্রামাঞ্চলে নলবাহিত জল সরবরাহের ক্ষেত্রে জল জীবন মিশনের কথাও শ্রীমতি মুর্মু বলেছেন।

বিশ্বের বৃহত্তম স্বাস্থ্য পরিচর্যা প্রকল্প হিসাবে আয়ুষ্মান ভারতের উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, ৫৫ কোটিরও বেশি মানুষকে এর আওতায় আনা হয়েছে। সত্তরোর্ধ্ব সব প্রবীণ নাগরিককে আয় নির্বিশেষে এই সুবিধার অন্তর্ভুক্ত করা হয়েছে। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে অভাবনীয় অগ্রগতির কথা জানিয়ে শ্রীমতি মুর্মু বলেন, দেশের প্রায় সব গ্রামেই ফোর জি মোবাইল সংযোগ এসে গেছে। বাকি অল্প কয়েক হাজার গ্রামেও শীঘ্রই এই সংযোগ এসে যাবে। ডিজিটাল পেমেন্ট প্রযুক্তির মাধ্যমে ভারত এক্ষেত্রে বিশ্বে সেরা

জায়গা করে নিয়েছে। প্রত্যক্ষ সুবিধা হস্তান্তরের মাধ্যমে বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের সুবিধা গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া যাচ্ছে। গোটা বিশ্বের মোট ডিজিটাল লেনদেনের অর্ধেকেরও বেশি এই ভারতে এখন হচ্ছে। এই গতিশীল ডিজিটাল অর্থনীতির কারণে দেশের জিডিপি প্রতি বছর বাড়ছে।

বাইট ভাইব্র্যান্ট ডিজিটাল ইকোনমি

প্রযুক্তিগত অগ্রগতির পরবর্তী ধাপ হিসাবে কৃত্রিম বুদ্ধিমত্তার কথা স্মরণ করে রাষ্ট্রপতি বলেন, দেশের কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষমতা বৃদ্ধিতে ‘ভারত এআই মিশন’ চালু হয়েছে। ভারতের নির্দিষ্ট চাহিদা মত এআই মডেল তৈরি হচ্ছে। ২০৪৭ সালের মধ্যে দেশকে কৃত্রিম বুদ্ধিমত্তা ক্ষেত্রে বিশ্ব কেন্দ্র রূপে গড়ে তুলতে সাধারণ মানুষের জন্য এই প্রযুক্তি ব্যবহার করে সুশাসন বৃদ্ধির লক্ষ্য স্থির করা হয়েছে।

বাইট এআই

সাধারণ মানুষের জীবন যাপনের উন্নতি সাধনের জন্য নতুন নতুন সুযোগ সৃষ্টি করে দেশ দৃঢ় প্রত্যয়ের সঙ্গে ‘বিকশিত ভারত’-এর পথে এগিয়ে চলেছে বলে শ্রীমতি মুর্মু জানান।

৭ ই আগস্ট জাতীয় হস্তচালিত তাঁত দিবসের কথা স্মরণ করে রাষ্ট্রপতি বলেন, স্বদেশী আন্দোলনের স্মরণে ২০১৫ সাল থেকে এই দিনটি পালন করা হচ্ছে। সামাজিক ক্ষেত্রের বিভিন্ন উদ্যোগ গ্রহণ এবং সার্বিক অর্থনৈতিক অগ্রগতির ফলে ২০৪৭ সালে ভারত উন্নত দেশ হিসাবে আত্মপ্রকাশ করবে বলে রাষ্ট্রপতি জানান। এই অমৃতকালে দেশবাসী তাদের গুরুত্বপূর্ণ অবদান যোগাচ্ছে। যুবা ও মহিলা সম্প্রদায় তাদের অন্যতম।

জাতীয় শিক্ষানীতি দেশের শিক্ষা ক্ষেত্রে সুদূরপ্রসারী পরিবর্তন এনে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে বলে রাষ্ট্রপতি অভিমত প্রকাশ করেন।

তপশিলি জাতি, উপজাতি এবং অন্যান্য পিছিয়ে পড়া ও প্রান্তিক জনজাতির মানুষজনের সামাজিক ও অর্থনৈতিক আশা আকাঙ্খা পূরণে সরকার তাদের সক্রিয়ভাবে সাহায্য করছে বলে তিনি জানান।

সুশাসন এবং দুর্নীতি মুক্ত সমাজের বিষয়ে রাষ্ট্রপতি মহাত্মা গান্ধীর উদ্ধৃতি উল্লেখ করে বলেন, দুর্নীতি এবং কপটতা গণতন্ত্রের কখনই অঙ্গ হতে পারে না।

কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলার উল্লেখ করে শ্রীমতি মুর্মু বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে মানবিকতার লড়াইয়ে অপারেশন সিন্দুর উদাহরণ হিসাবে ইতিহাস সৃষ্টি করেছে।

সীমান্ত রক্ষায় সেনাবাহিনীর পাশাপাশি পুলিশ এবং আধা সামরিক বাহিনীর জওয়ানদের বিচার বিভাগ এবং সিভিল সার্ভিসের আধিকারিকদের প্রতিও রাষ্ট্রপতি অভিনন্দন জানিয়েছেন। বিদেশে বসবাসকারী ভারতীয় এবং দূতাবাসগুলির আধিকারিকদেরও শ্রীমতি মুর্মু অভিনন্দন জানান।

------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর এই ভাষণের বাংলা অনুবাদ শোনা যাবে রাত সাড়ে ৯ টায়।

এদিকে স্বাধীনতা দিবসে আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, জাতীয় পতাকা উত্তোলনের পর লালকেল্লার প্রাকার থেকে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সকাল ৭'টা থেকে প্রচারিত হবে এই অনুষ্ঠানের ধারাবিবরণী ও প্রধানমন্ত্রীর ভাষণ। এর প্রেক্ষিতে FM রেনবোয় আগামীকালের সকাল ৭'টা, ৮'টা ও ৯'টার হেডলাইন বাতিল

করা হয়েছে। প্রধানমন্ত্রীর ভাষণ শেষ না হওয়া পর্যন্ত কোন সংবাদ বুলেটিন'ও প্রচারিত হবে না। প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ প্রচারিত হবে রাত সাড়ে ৯'টায়।

অন্যদিকে, স্বাধীনতা দিবসে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন। এর প্রেক্ষিতে FM রেনবোয় রাত ৮'টার হেডলাইন আগামীকাল প্রচারিত হবে না।

------------------------

১৫-ই আগস্ট, ৭৯-তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে, প্রধানমন্ত্রীর ভাষণকে কেন্দ্র ক'রে সম্প্রচারিত হবে বিশেষ অনুষ্ঠান ।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৯ টায় গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও ডি টি এইচ বাংলা পরিষেবায়।

------------------------

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আগামীকাল ৭৯ তম স্বাধীনতা দিবস যথাযথ মর্যাদায় পালিত হবে।পহেলগাঁও কাণ্ডের জেরে এবার নিরাপত্তা ব্যবস্থাকে আরো আঁটসাঁট করা হচ্ছে।

স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রেড রোডে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উপস্থিতিতে সকাল দশটায় শুরু হবে অনুষ্ঠান। সাংস্কৃতিক অনুষ্ঠান, শোভাযাত্রার পাশাপাশি সাহসিকতার জন্য পুলিশ কর্মীদের পুরস্কৃত করবেন মুখ্যমন্ত্রী।

একই রকম ভাবে কেন্দ্রের তরফেও সাহসিকতার জন্য এ রাজ্যের বেশ কিছু পুলিশ কর্মীকে পুরস্কৃত করা হচ্ছে।

# একটি প্রতিবেদন

--------------------------

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অব কমিউনিকেশনের কলকাতার আঞ্চলিক দপ্তর ও বেলেঘাটার AIWC বুনিয়াদি বিদ্যাপীঠ ফর গার্লস ৭৯তম স্বাধীনতা দিবস উপলক্ষে যৌথভাবে দু-দিনব্যাপী এক অনুষ্ঠানের আয়োজন করেছে।
আজ অনুষ্ঠানের প্রথম দিনে স্কুলের ছাত্রীদের মধ্যে আবৃত্তি,ক্যুইজ, বসে আঁকো সহ নানা ধরনের প্রতিযোগিতার আয়জন করা হয়। আগামীকাল এই উপলক্ষে একটি র‍্যালির ও আয়জন করা হয়েছে।

--------------------------

ঘরে ঘরে তেরঙ্গা কর্মসূচীর আওতায় আজ পশ্চিম মেদিনীপুরের শালবনিতে কোবরা ব্যাটেলিয়নের পক্ষ থেকে মেদিনীপুর পৌরসভা পরিচালিত একটি বৃদ্ধাশ্রমে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আবাসিকদের জন্য কোবরা বাহিনীর পক্ষ থেকে মিষ্টিমুখ করানোর পাশাপাশি তুলে দেওয়া হয় জাতীয় পতাকা। অ্যাসিস্ট্যান্ট কমান্ডার অংশু বুলেরিয়া জানিছেন। আজাদিকা অমৃত মহোৎসব উপলক্ষে সারা বছর নানা কর্মসূচী পালিত হচ্ছে।

এদিকে সিআরপিএফ-এর উদ্যোগে পশ্চিম মেদিনীপুর জেলার একটি স্কুলে উদযাপিত হয় হর ঘর তিরঙ্গা অভিযান। সিআরপিএফ-এর ২৩২-তম মহিলা ব্যাটালিয়নের তরফে শেখপুরা স্কুলের শিক্ষার্থীদের মধ্যে পতাকা বিতরণ করা হয়।

হাওড়া ডাক বিভাগ এই উপলক্ষে হাওড়া ও সালকিয়া হেড পোষ্ট অফিস, আমতা ও উলুবেড়িয়া সাবপোষ্ট অফিস থেকে বিশেষ র‍্যালির আয়োজন করে। জাতীয় পতাকা হাতে এতে অংশ নেন ডাক বিভাগের কর্মীরা ও স্কুলের ছাত্রছাত্রীরা।

------------------------

আজ দেশভাগের বিভীষিকা স্মরণ দিবস। ১৯৪৭ সালের আজকের দিনে মধ্যরাতে দেশভাগের যন্ত্রণার মধ্যে দিয়ে স্বাধীনতা এসেছিল। দেশের জন্য যাঁরা নিজেদের জীবন উৎসর্গ করেছেন এবং দেশ ভাগের সময় অকল্পনীয় যন্ত্রণা ভোগ করেছেন তাঁদের স্মৃতিতে আজকের দিনটি পালিত হয়। ছিন্নমূল মানুষদের আত্মত্যাগের স্মরণে ২০২১ সালে সরকার এই দিনটি পালনের সিদ্ধান্ত নেয়।

বিজেপি আজ সারাদেশে বিভাজন বিভীষিকা দিবস পালন করছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিত সরকার জানিয়েছেন, এই বিভাজনের ফলে প্রায় দুই কোটি মানুষ ক্ষতিগ্রস্ত এবং বহু মানুষ নিহত হয়েছিলেন। তিনি বলেন, ইসলামিক জেহাদীরা আজও ভারতকে ইসলামিক রাষ্ট্রে পরিণত এবং দেশের সনাতনী সংস্কৃতিকে ধ্বংস করার চক্রান্ত করছে। শ্রী সরকার অভিযোগ করেন,ভোট ব্যাংকের রাজনীতির স্বার্থে পশ্চিমবঙ্গে বাংলাদেশী ও রোহিঙ্গাদের আশ্রয় এবং তাদের নকল আধার ও ভোটার কার্ড তৈরি করে দেওয়া হচ্ছে। বাংলাদেশের মতো এরাজ্যেও হিন্দুদের ওপর আক্রমণ ও তাদের হত্যা করা হচ্ছে। তাসত্ত্বেও রাজ্য সরকার নীরব।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শুক্রবার, ২২শে আগস্ট রাজ্যে কয়েকটি মেট্রো রেল প্রকল্পের উদ্বোধন করবেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ এক্স হ্যান্ডেলে জানিয়েছেন,এই প্রকল্পগুলি হল ইস্ট ওয়েস্ট মেট্রো রুটে শিয়ালদা থেকে ধর্মতলা,গড়িয়া বিমানবন্দর মেট্রো রুটে বেলেঘাটা থেকে হেমন্ত মুখোপাধ্যায় এবং নোয়াপাড়া থেকে বিমানবন্দর পর্যন্ত মেট্রো রেল পথ। এছাড়া হাওড়া মেট্রো স্টেশনে একটি সাবওয়ের উদ্বোধন করবেন শ্রী মোদী। শ্রী মজুমদার বলেন, প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে চলতি বছরের রেল বাজেটে পশ্চিমবঙ্গের জন্য ১৩হাজার ৯শো ৫৫কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়া ১০১টি স্টেশনকে বিশ্বমানের রেল স্টেশন হিসেবে পুনর্নির্মাণ করা হচ্ছে। এই রাজ্য থেকে ইতিমধ্যে ৯টি বন্দে ভারত ও দুটি অমৃত ভারত ট্রেন চালু করা হয়েছে।

-------------------------

বাংলাভাষী পরিযায়ী মুসলিম শ্রমিকদের বিভিন্ন রাজ্যে বাংলাদেশী সন্দেহে আটক করার ঘটনায় সুপ্রিম কোর্ট কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সহ ৯-টি রাজ্যকে নোটিশ দিয়েছে। এবিষয়ে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া এক জনস্বার্থ মামলার শুনানি চলাকালীন দুই বিচারপতি সূর্যকান্ত এবং জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ আজ এই নোটিশ পাঠিয়েছে।

কেন্দ্র এবং পশ্চিমবঙ্গ, ওড়িশা, রাজস্থান, মহারাষ্ট্র, দিল্লি, বিহার, উত্তরপ্রদেশ, ছত্তিশগড়, ও হরিয়ানা সরকারকে এব্যাপারে তাদের বক্তব্য জানাতে বলেছে সর্বোচ্চ আদালত।

বিচারপতি সূর্যকান্ত শুনানির সময় বলেন, পরিযায়ী শ্রমিকরা যে রাজ্যের বাসিন্দা এবং যে রাজ্যে জীবন ও জীবিকার সন্ধানে যাচ্ছেন – এই দুটি রাজ্যের মধ্যে সমন্বয়

সাধনের জন্য একটি নোডাল এজেন্সি থাকা প্রয়োজন। দুই রাজ্যের মধ্যে সমন্বয়কারী এই ধরনের কোন এজেন্সি আছে কিনা, এবিষয়ে বিচারপতি জয়মাল্য বাগচি জানতে চান। এই মামলায় কোন অন্তর্বর্তীকালীন নির্দেশ না দিয়ে বিবাদী পক্ষের বক্তব্য জানতে চেয়েছে শীর্ষ আদালত।

-------------------------

বিহারে বিশেষ নিবিড় সংশোধনের ফলে যে ৬৫ লক্ষ ভোটারের নাম খসড়া তালিকা থেকে বাদ গিয়েছে, তাদের নাম আগামী মঙ্গলবারের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে বলে সুপ্রিম কোর্ট নির্বাচন কমিশনকে অন্তর্বর্তী নির্দেশ দিয়েছে। বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ আজ আরো জানিয়েছে, জেলাভিত্তিক তালিকা ওয়েবসাইটে তুলতে হবে। কি কারণে এদের নাম বাদ পড়লো অর্থাত মৃত নাকি চিরতরে অন্যত্র চলে গেছে কিংবা দুবার নাম উঠেছে অথবা খুঁজে পাওয়া যাচ্ছে না তা জানিয়ে ঐ তালিকা সরকারী ওয়েবসাইটে প্রকাশ করারও নির্দেশ দেওয়া হয়েছে। নির্দেশে আরো জানানো হয়েছে, নির্বাচন কমিশন যে তালিকা সরকারী ওয়েবসাইটে আপলোড করবে তা সংবাদপত্র, বৈদ্যুতিন মাধ্যম, সমাজমাধ্যম সহ গনমাধ্যমের প্রতিটি ক্ষেত্রে সার্বিক প্রচার চালাতে হবে।

গত ২৬শে জুন নির্বাচন কমিশন, বিহারে এস আই আর শুরু করার যে বিজ্ঞপ্তি জারী করেছিল তাকে চ্যালেঞ্জ জানিয়ে শীর্ষ আদালতে দাখিল করা একগুচ্ছ আবেদনের শুনানির সময় এই অন্তর্বর্তী নির্দেশ দেয়।

উল্লেখ্য, তালিকা প্রকাশের দাবী জানিয়ে সুপ্রিম কোর্টে যে আবেদন জমা পড়েছিল তার প্রেক্ষিতে নির্বাচন কমিশন এর আগে জানায়, ১৯৫০ সালের জন প্রতিনিধিত্ব আইন

এবং ১৯৬০ সালের নির্বাচক নিবন্ধীকরণ বিধিতে এ ধরণের তালিকা তৈরী এবং প্রকাশের কোনো সংস্থান নেই।

------------------------

রাজ্য সরকার এখনও পর্যন্ত ৯৩ লক্ষের বেশি ছাত্রীকে কন্যাশ্রী প্রকল্পের আওতায় এনেছে। আজ কন্যাশ্রী দিবস উপলক্ষে কলকাতার ধনধান্য অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, এই প্রকল্প এপর্যন্ত সাড়ে ১৭ হাজার কোটি টাকা তুলে দেওয়া হয়েছে।

------------------------ ------------------------